


শিক্ষাপ্রতিষ্ঠানে শনিবারের সাপ্তাহিক ছুটি বাতিল করা হয়নি

অনলাইন ডেস্ক



‘সাপ্তাহিক ছুটি বাতিল, ১ আগস্ট থেকে শনিবারও খোলা থাকবে দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠান।’—সম্প্রতি এমন একটি দাবি সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়েছে। তবে রিউমর স্ক্যানার টিমের অনুসন্ধানে জানা যায়, শিক্ষাপ্রতিষ্ঠানে শনিবারের সাপ্তাহিক ছুটি বাতিলের কোনো সিদ্ধান্ত নেয়নি সরকার।

কোনো তথ্য-প্রমাণ ছাড়াই আলোচিত দাবিটি প্রচার করা হচ্ছে বলে জানিয়েছে রিউমর স্ক্যানার।

এ ছাড়া শিক্ষা মন্ত্রণালয় এবং মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি) থেকেও এরূপ কোনো সিদ্ধান্ত নেওয়া হয়নি বলে জানানো হয়েছে।

রিউমর স্ক্যানার বলছে, অনুসন্ধানের শুরুতে প্রাসঙ্গিক কি-ওয়ার্ড সার্চ করে গণমাধ্যম ও বিশ্বস্ত সূত্রে আলোচিত দাবির সপক্ষে

কোনো তথ্য পাওয়া যায়নি। এ ছাড়া শিক্ষা মন্ত্রণালয় ও মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের (মাউশি) ওয়েবসাইটেও এসংক্রান্ত কোনো নোটিশ বা তথ্য পাওয়া যায়নি।

২ন



সরকারি চাকরিজীবীদের জন্য ৭ জরুরি নির্দেশনা

গত ৭ মে ‘ঈদের আগের দুই শনিবার সব শিক্ষাপ্রতিষ্ঠান খোলা রাখার নির্দেশ’ শীর্ষক শিরোনামে প্রকাশিত একটি প্রতিবেদন পাওয়া যায়।

উক্ত প্রতিবেদন থেকে জানা যায়, গত ১১ ও ১২ জুন নির্বাহী আদেশে ছুটি থাকায় ১৭ ও ২৪ মে ঈদের আগের দুই শনিবার সাপ্তাহিক ছুটির দিনে স্কুল-কলেজ ও বিশ্ববিদ্যালয় খোলা রাখার নির্দেশ দেওয়া হয়েছিল।

আলোচিত দাবিটি অধিকতর যাচাইয়ের জন্য শিক্ষা মন্ত্রণালয় ও মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরে (মাউশি) যোগাযোগ করে রিউমর স্ক্যানার টিম।

শিক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র তথ্য অফিসার সিরাজ-উদ-দৌলা খান বলেন, ‘আমার জানা মতে এ রকম কোনো সিদ্ধান্ত হয়নি।’

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের (মাউশি) কলেজ ও প্রশাসন উইংয়ের উপপরিচালক মো. নুরুল হক সিকদার বলেন, ‘আমিও

ফেসবুকে বিষয়টি দেখেছি।

তবে এই সিদ্ধান্ত মন্ত্রণালয় নিয়ে থাকে। আমার জানা মতে এমন

সিদ্ধান্ত হয়নি, আমাদের এমন কোনো নির্দেশনাও দেওয়া হয়নি।’